কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ।

ISO 9001:2015 Certified

সদর দপ্তর-মানব সম্পদ বিভাগ, ফোন-০৯৪১-৬২৯৩৭,৬২০২৫, ই-মেইল-kishpbs@yahoo.com, ওয়েব সাইট- www.pbs.kishoreganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.২০. ৮০ তাং-০৫/০১/২০২১খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতোপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনক ভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ এর সংশ্লিষ্ট পদের (গ্রেড-১) প্রারম্ভিক বেতন, যাহা বেশী, তাহা নির্ধারন করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।	ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়) /০৯ (নয়) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। খ)বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। ঘ) কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার স্থায়ী বাসিন্দাদের এবং কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতিপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য। চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (**www.pbs.kishoreganj.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২৪/০১/২০২১খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ, বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়নপত্র (০৩, ০৬ ও ০৯ বৎসর ইত্যাদি) আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জম্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।সকল সনদের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

চলমান পাতা-২

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশান রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর নূন্যতম ০২/01 (দুই/ এক) দিনের বিরতী দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩)মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই চুক্তিতে ০৯(নয়) বৎসরের অধিককাল চাকুরী অথবা জম্ম তারিখ মোতাবেক ৫৫(পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

০৬। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।

০৭। চুক্তিকালীন সময়ে প্রতি বছরান্তে একটি নির্দিষ্ট ফরমে বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে নির্ধারিত মূল বেতনের সাথে একটি বার্ষিক প্রবৃদ্ধি প্রদান পূর্বক পরবর্তী বছরের মূল বেতন নির্ধারণ করা হবে। যাহা চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্ব পর্যন্ত চলমান থাকবে।

০৮। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৯। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। এছাড়াও এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রে কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/০৫/২০২২

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)

অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/ পবিস উঃ ও পঃ (কেঃঅঃ) বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .... পবিস-১/২/৩/৪
০৪। ডিজিএম, নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর/করিমগঞ্জ/মিঠামইন জোনাল অফিস, (কারিগরী)সদর দপ্তর, কিপবিস।
০৫। এজিএম (ওএন্ডএম), পাকুন্দিয়া/নিকলী সাব-জোনাল অফিস, কিপবিস।
০৬। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ সদস্য সেবা/ প্রশাসন/ ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর), কিপবিস।
০৭। নোটিশ বোর্ড/ ওয়েব সাইট/অফিস/ মাষ্টার কপি। (জুনিয়র ইঞ্জিনিয়ার ও সহঃজুনিয়র ইঞ্জিনিয়ার আইটি ওয়েব সাইটে আপ লোডের ব্যবস্থা নিবেন)।

২৫/০৫/২০২২

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)